

দৈনিক  
ইনকিলাব

তারিখ... 13 MAY 2023...  
পৃষ্ঠা... ৭... কলাম... ১...

**মাদ্রাসা প্রশিক্ষণ ইনস্টিটিউট  
বোর্ডে মাদ্রাসার প্রতিনিধি  
অন্তর্ভুক্তির দাবী**

স্টাফ রিপোর্টার ৪ দেশে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট চালু করা এবং এ প্রতিষ্ঠান পরিচালনার জন্য একটি বোর্ড অব গভর্নস গঠন করার জন্য সরকারকে অভিনন্দন জানিয়ে জমিয়াতুল মোদারেরাছীনের নেতৃবৃন্দ এ বোর্ডে বেসরকারী মাদ্রাসার পক্ষ থেকে অন্তর্ভুক্তির দাবী জানিয়েছেন। তারা বলেন, যেহেতু মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে সরকারী মাদ্রাসা বা কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করবেন না, এখানে কেবলমাত্র বেসরকারী মাদ্রাসার শিক্ষকগণই প্রশিক্ষণ গ্রহণ করবেন তাই বোর্ডে আনুষ্ঠানিকভাবে বেসরকারী মাদ্রাসার প্রতিনিধি থাকা আবশ্যিক। তারা এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিবসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।